

সাপ্তাহিক ছুটির দিনে বিশেষ ক্লাস নিচ্ছেন ইবি ভিসি

ইবি প্রতিনিধি

২২ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২২ নভেম্বর ২০১৯ ০০:২৪



সপ্তাহিক ছুটির দিনে
আমাদের সময়

সকাল থেকে সারাদিন বিশ^বিদ্যালয়ের প্রশাসনিক কাজে ব্যস্ত থাকতে হয় ভিসিকে। উপাচার্য হিসেবে ইচ্ছা করলে ক্লাস নাও নিতে পারেন। কেননা কোনো বিভাগের শিক্ষক উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করলে ক্লাস নেওয়া তার জন্য বাধ্যতামূলক নয়। তবে এ ক্ষেত্রে অনেকটা আলাদা ইসলামী বিশ^বিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. হারুন-উর-রশিদ আসকারী (রাশিদ আসকারী)। বিশ^বিদ্যালয়ের সর্বোচ্চ দায়িত্বে থাকার পরও একাডেমিক কাজ অর্থাৎ শিক্ষার্থীদের ক্লাস নেওয়া তার এক ধরনের নেশা।

প্রশাসনিক কাজ শুরুর আগে নিজ বিভাগ ইংরেজির ক্লাস নেওয়া নতুন কিছু নয় তার। শুধু ইংরেজি বিভাগেরই নয়, এর আগে তিনি ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের ইংরেজি কোর্সের সম্পূরক শিক্ষক হিসেবেও ক্লাস নিয়েছেন। সময় পেলেই শিক্ষার্থীদের সঙ্গে এভাবে সময় কাটাতে অর্থাৎ ক্লাস নিতে পছন্দ করেন ড. আসকারী। বৃহস্পতি ও শুক্রবার সাপ্তাহিক ছুটি থাকে ক্যাম্পাস। অথচ তিনি এ দিনেও মাঝে মধ্যে ক্লাস নেন তার বিভাগের শিক্ষার্থীদের। বৃহস্পতিবার সকালে শত ব্যস্ততাকে উপেক্ষা করে রবীন্দ্র-নজরুল কলা ভবনে মাস্টার্সের (১ম সেমিস্টার) ‘তত্ত্বের মাধ্যমে সাহিত্য পঠন’ বিষয়ে ক্লাস নেন তিনি।

